উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১৯ তারিখঃ ০৪ মে '২০২৬খ্রিঃ।

নোটিশ

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘারপাড়া উপজেলা পরিষদের মে-২০২৬ মাসের মাসিক সাধারণ সভা জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোরের সভাপতিত্বে আগামী ১১ মে' ২০২৬ খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১.৩০ টায় উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

সংশ্লিষ্ট সকলকে সভার ০৩(তিন) কার্যদিবস পূর্বে **কার্যপত্রের হার্ডকপি প্রদান ও সফটকপি নিকস ফন্টে** cobagherpara@gmail.com **প্রেরণ নিশ্চিত করণ** এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচীঃ

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২. বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনা।
৩. ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন প্রকল্প সম্পর্কিত পর্যালোচনা।
৪. আর্থিক বিভিন্ন বিষয়াদি সম্পর্কিত আলোচনা।
৫. অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারী সংক্রান্ত বিষয়াদি)
৬. সমন্বয় (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)।
৭. বিবিধ।

ভুপালী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
বাঘারপাড়া, যশোর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া,যশোর
ফোন নং ০২৪৭৭৭৭১৯১৬
ই-মেইল: unobagherpara@mopa.gov.bd.

বিতরণঃ

১। মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর - ৪ [সদয় উপস্থিতির অনুরোধসহ]
২। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর।
৩। উপজেলা ----------কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর
৪। চেয়ারম্যান, জহুরপুর/বন্দবিলা/রায়পুর/নারিকেলবাড়িয়া/ধলগ্রাম/দোহাকুলা/দরাজহাট/বাসুয়াড়ী/জামদিয়া ইউপি, বাঘারপাড়া, যশোর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক,যশোর।

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১৯

তারিখঃ ০৪ মে ' ২০২৬খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা	
২	উপজেলা কৃষি কর্মকর্তা	
৩	উপজেলা প্রকৌশলী	
৪	উপজেলা মৎস্য কর্মকর্তা	
৫	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	
৭	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	
৮	উপজেলা সমবায় কর্মকর্তা	
৯	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	
১০	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	
১১	উপজেলা প: প: কর্মকর্তা	
১২	উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা	
১৩	উপজেলা শিক্ষা কর্মকর্তা	
১৪	ফরেস্টার, সামাজিক বনায়ন	
১৫	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	
১৬	উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য)	

উপজেলা পরিষদ

বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০১.২৪-১৯

তারিখঃ ০৪ মে ' ২০২৬খ্রিঃ।

ক্র: নং	পদবী	প্রাপ্তী স্বীকার
১.	মাননীয় সংসদ সদস্য ৮৮ যশোর-৪	
২.	প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা	
৩.	চেয়ারম্যান, জহুরপুর ইউপি	
৪.	চেয়ারম্যান, বন্দবিলা ইউপি	
৫.	চেয়ারম্যান, রায়পুর ইউপি	
৬.	চেয়ারম্যান, নারিকেলবাড়ীয়া ইউপি	
৭.	চেয়ারম্যান, ধলগ্রাম ইউপি	
৮.	চেয়ারম্যান, দোহাকুলা ইউপি	
৯.	চেয়ারম্যান, দরাজহাট ইউপি	
১০.	চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউপি	
১১.	চেয়ারম্যান, জামদিয়া ইউপি	

বাঘারপাড়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ভুপালী সরকার
প্রশাসক, উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর।

স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বাঘারপাড়া, যশোর
তারিখ ও সময় : ১১ মে ২০২৬খ্রিঃ, সোমবার, বেলা-১১.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যদের তালিকা :

০১) প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ আসাদুজ্জামান, চেয়ারম্যান, জহরপুর ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
০৩) জনাব মো: সবদুল হোসেন খান, চেয়ারম্যান, বন্দবিলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৪) জনাব আব্দুল জলিল, প্যানেল চেয়ারম্যান, রায়পুর ইউনিয়ন পরিষদ, বাঘারপাড়া, যশোর ।
০৫) জনাব মোঃ রবিউল ইসলাম, চেয়ারম্যান, ধলগ্রাম ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব মো: ওয়াহিদুর রহমান আবু মোতালেব, চেয়ারম্যান, দোহাকুলা ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, দরাজহাট ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৮) জনাব মোঃ আমিনুর সরদার, চেয়ারম্যান, বাসুয়াড়ী ইউ/পি, বাঘারপাড়া, যশোর ।
০৯) জনাব বাবলু কুমার সাহা, চেয়ারম্যান, নারিকেলবাড়িয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।
১০) জনাব শেখ আরিফুল ইসলাম তিব্বত, চেয়ারম্যান, জামদিয়া ইউ/পি, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত সদস্যদের তালিকা :

উপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ)- (জৈষ্ঠতার ক্রমানুসারে নহে, উপস্থিতির ক্রমানুসারে) :

০৩) জনাব মোঃ গোলাম কদ্দুস, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০২) মোঃ আব্দুল কদ্দুস শাওন, ফরেস্টার, বন বিভাগ, বাঘারপাড়া, যশোর ।
১৩) জনাব মোঃ আশিকুজ্জামান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৫) জনাব রাজকুমার পাল (অঃ দাঃ), উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৭) জনাব রোজিনা পারভীন, সহকারী উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(বিআরডিবি), বাঘারপাড়া, যশোর।
০১) জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৪) জনাব নাইমুল হোসেন, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, বাঘারপাড়া, যশোর ।
০৬) জনাব অন্তরা সরকার, উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), বাঘারপাড়া, যশোর ।
০২) জনাব মোঃ তোহিদুর রহমান, উপজেলা সমবায় কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১১) জনাব আশরাফুল আলম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১২) জনাব ইশতিয়াক আহমেদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৯) জনাব সাইয়েদা নাসরিন জাহান, উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
১০) জনাব ডা: অরুপ জ্যোতি ঘোষ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
০৮) জনাব ডাঃ শামছুল আরফিন, উপজেলা প্রাণি-সম্পদ কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ (হস্তান্তরিত বিভাগসমূহ):

০১) জনাব ডাঃ মোঃ মহিউদ্দিন আহমেদ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর ।
০৩) জনাব মুশফিকুর রহমান, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনাকালে সভায় নিম্নরূপ আলোচ্য বিষয় ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	**পূর্ববর্তী সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ** সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী পাওয়া যায়নি ।	সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার

০২.	**পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যালোচনাঃ** পূর্ববর্তী সভায় গৃহিত সিদ্ধান্তসমূহের আলোকে যথাযথ পদক্ষেপ গ্রহন করা হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে তদারকি ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত হয়।	১।প্রশাসক, উপজেলা পরিষদ ২। উপজেলা নির্বাহী অফিসার
০৩.	**বিভাগীয় কমিটি সমূহের প্রস্তাবনা সম্পর্কে আলোচনাঃ** (ধারা ২৯ মোতাবেক গঠিত স্থায়ী কমিটির সুপারিশ পর্যালোচনা ও অনুমোদন এবং উক্তরুপ সুপারিশের আলোকে বিভিন্ন কমিটি গঠন ও উহার টার্মস অব রেফারেন্স অনুমোদন) স্থায়ী কমিটির সভার কোনরুপ কার্যবিবরণী পাওয়া যায়নি। এ বিষয়ে আলোচনাকালে স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে জরুরী ভিত্তিতে আগামী সভার পূর্বে আবশ্যিকভাবে বিধি মোতাবেক স্থায়ী কমিটির সভা করে কার্যবিবরণী উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয়।	বিধি মোতাবেক নিয়মিত স্থায়ী কমিটির সভা করার সিদ্ধান্ত গৃহিত হয়।	সদস্য-সচিব, স্থায়ী কমিটি(সকল)।
০৪	**৪. উন্নয়নমূলক** (উপজেলা পরিষদে হস্তান্তরিত বিভাগসমূহের প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন কার্যক্রম পর্যালোচনা ও পরিষদ কর্তৃক বাস্তবায়নকৃত বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম পর্যালোচনা):- **(ক) উপজেলা নির্বাহী অফিসারের নবনির্মিত বাসভবন সংক্রান্তঃ** উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন নির্মাণ কাজ শেষ হয়েছে উল্লেখ করে ঠিকাদার কর্তৃক চুড়ান্ত বিল পাইবার জন্য আবেদন দাখিল করেছে, যা সভায় উপস্থাপন করা হলে বর্ণিত নির্মাণ কাজের গুণগত মান এবং প্রাক্কলণ মোতাবেক কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন হয়েছে কিনা তা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য নিম্নরুপ একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটিকে দ্রুততার সহিত প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। কমিটিঃ ১। উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তা, বাঘারপাড়া- আহবায়ক ২। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য দপ্তর, বাঘারপাড়া- সদস্য ৩। উপসহকারী প্রকৌশলী, এলজিইডি (প্রকৌশলী কর্তৃক মনোনীত), বাঘারপাড়া- সদস্য **(খ) উপজেলা পরিষদের অভ্যন্তরের মেরামত ও সংস্কার সংক্রান্তঃ** স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখা কর্তৃক চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে উপজেলা কমপ্লেক্সের বিভিন্ন অফিস ও বাসা-বাড়ি, ড্রেন, রাস্তা, ঘাটলা ইত্যাদি মেরামত খাতের আওতায় গত ১০ মে ২০২৬খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৪৫.২০.০৩৬৯.২৬-৭৫১নং স্মারকে একটি বরাদ্দ প্রদান করা। সেপ্রেক্ষিতে চাহিত অর্থের থেকে বরাদ্দ কম আসায় এবং বর্তমান প্রয়োজনীয়তার নিরিখে সংশোধিত প্রকল্প ও প্রাক্কলন সভায় উপস্থাপনপূর্বক জানানো হয় যে, বর্ণিত বরাদ্দপত্রে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পিপিআর ২০২৫ ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা এর বিধি বিধান মেনে চলার নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা মেনে টেন্ডার প্রক্রিয়া ই-জিপির মাধ্যমে বাস্তবায়ন সম্পন্ন করে ঠিকাদার নির্বাচনপূর্বক কার্যাদেশ প্রদান করতে ৩০-৩৫ দিনেরও অধিক সময় অতিবাহিত হয়ে যাবে। কিন্তু বর্তমান অর্থবছরের আর মাত্র ৫০দিন সময় আছে, যার মধ্য হতে ছুটির দিনসমূহ বাদ দিলে মাত্র ৩২ কর্মদিবস সময় বিদ্যমান থাকে। সেপ্রেক্ষিতে ই-জিপিতে টেন্ডার আহবানপূর্বক কাজ সম্পন্ন করে এই অর্থবছরের মধ্যে বিল উত্তোলন করা কোনরুপ ভাবে সম্ভবপর নয়। যেহেতু পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ১৫০(১) বিধিতে উল্লেখ আছে ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে কোনো ক্রয়কারী ক্রয় প্রক্রিয়াকরনে অসমর্থ হইলে অফলাইনে টেন্ডার আহবানের জন্য বিপিপিএ এর পূর্বানুমোদন গ্রহন করিতে হইবে। এমতাবস্থায় সময় সল্পতার কারনে উপজেলা পরিষদের অভ্যন্তরের উন্নয়ন কাজের স্বার্থে উপজেলা পরিষদ কর্তৃক অফলাইনে রিকুয়েস্ট ফর কোটেশন (আরএফকিউ) পদ্ধতিতে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার প্রশাসনিক অনুমতি চেয়ে বিপিপিএ ও স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করার জন্য	(ক) গঠিত কমিটিকে দ্রুততার সহিত প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ জানানো হয় (খ) উপজেলা পরিষদ কর্তৃক অফলাইনে রিকুয়েস্ট ফর কোটেশন (আরএফকিউ) পদ্ধতিতে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করার প্রশাসনিক অনুমতি চেয়ে বিপিপিএ ও স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরণ করা এবং উপস্থাপিত সংশোধিত প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন প্রদান করা হয়।	ক)১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২।গঠিত কমিটি খ) ১।প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া ২। উপজেলা প্রকৌশলী

	(গ) পরিদর্শন কক্ষ স্থাপনঃ স্থানীয় সরকার বিভাগের উপজেলা-২ শাখার ২১ এপ্রিল ২০২৬খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০.০৪৫.৯৯.০২.২৪-৬৮৮ নং স্মারকে **পরিদর্শন কক্ষ** স্থাপন সংক্রান্ত পত্রটি সভায় উপস্থাপিত হয় । অতঃপর পরিদর্শন কক্ষটি কোথায় করা হবে সেবিষয়ে ইউপি চেয়ারম্যানগণের বেশির ভাগই উপজেলা পরিষদের পুরাতন কমপ্লেক্স ভবনের(দ্বিতীয় তলায়) পরিদর্শণ কক্ষ প্রস্তুত করার জন্য প্রস্তাব করে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনাকালে রুমসমূহ ভালোভাবে পর্যালোচনাপূর্বক সার্বিক বিষয়ে বিবেচনা করে পরিদর্শণ কক্ষ করার সিদ্ধান্ত গৃহিত হয় । এছাড়া পরিদর্শন কক্ষের জন্য একজন দৈনিক শ্রম মুজুরী চুক্তি ভিত্তিতে অফিস সহায়ক নিয়োগ দেওয়ার বিষয়ে মন্ত্রণালের নিদেশনা নিয়ে আলোচনা হয় ।	(গ) (১) রুমসমূহ ভালোভাবে পর্যালোচনাপূর্বক সার্বিক বিষয়ে বিবেচনা করে পরিদর্শণ কক্ষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। (২) একজন দৈনিক শ্রম মুজুরী চুক্তি ভিত্তিতে অফিস সহায়ক নিয়োগ দেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।	গ) (১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া (২) উপজেলা প্রকৌশলী
	(ঘ) পৌর পার্ক স্থাপনঃ বাঘারপাড়া পৌরসভা কর্তৃক পৌরপার্ক স্থাপনের বিষয়ে সভায় উপস্থাপনপূর্বক জানানো হয় উপজেলা প্রাণি সম্পদ দপ্তরের প্রাচীর সামান্য ভেঙ্গে যাতায়াতরে রাস্তা করে আবার যদি প্রাচীর নির্মাণ করে দেওয়া হয় তাহলে প্রাণিসম্পদ দপ্তরের কোন আপত্তি বা সমস্যা আছে কিনা । এ বিষয়ে উপজেলা প্রাণিসম্প কর্মকর্তা জনাব ডাঃ শামছুল আরফিন জানান সরকারি স্বার্থের কোন ক্ষতি না হলে এবং বিধিগত কোন সমস্যা না থাকলে তাঁর কোন আপত্তি নাই । সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসককে যৌথভাবে সার্বিক বিষয়ে বিবেচনাপূর্বক প্রয়োজনে উর্দ্ধতন কর্তৃপক্ষের সহিত পরামর্শক্রমে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।	(ঘ) উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসককে যৌথভাবে সার্বিক বিষয়ে বিবেচনাপূর্বক বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হয়।	(ঘ)১। প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা ২। উপজেলা প্রকৌশলী ৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ৪। চেয়ারম্যান, দোহাকুলা ইউনিয়ন পরিষদ
	(ঙ) উপজেলা মডেল মসজিদ স্থাপন সংক্রান্তঃ উপজেলা মডেল মসজিদ স্থাপনের বিষয়ে সভায় বিভিন্ন জায়গার বিষয়ে প্রস্তবনা উপস্থাপন হয় । এ বিষয়ে বিস্তারিত আলোচান্তে মডেল মসজিদের জন্য প্রস্তাবিত জায়গা হতে উত্তম জায়গা নির্বাচনপূর্বক প্রস্তবনা উপস্থাপন করার জন্য নিম্নরুপ একটি কমিটি গঠন করা হয় । বর্ণিত কমিটিকে মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ এর সহিত পরামর্শক্রমে যথাযথ প্রস্তবনা উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় । কমিটিঃ ১। সহকারী কমিশনার (ভূমি), বাঘারপাড়া- আহবায়ক ২। চেয়ারম্যান, বন্দবিলা ইউপি, বাঘারপাড়া- সদস্য ৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাঘারপাড়া- সদস্য ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাঘারপাড়া- সদস্য ৫। সভাপতি, উপজেলা বিএনপি, বাঘারপাড়া- সদস্য ৬। আমির, জামায়েত ইসলামি বাংলাদেশ, বাঘারপাড়া- সদস্য ৭। সভাপতি, পৌর বিএনপি, বাঘারপাড়া পৌরসভা- সদস্য ৭। আমির, জামায়েত ইসলামি বাংলাদেশ, পৌর শাখা- সদস্য ৮। সভাপতি, জাতীয় নাগরিক পার্টি(এনসিপি), বাঘারপাড়া- সদস্য	(ঙ) গঠিত কমিটিকে মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ এর সহিত পরামর্শক্রমে যাচাই-বাছাই করে যথাযথ প্রস্তবনা উপস্থাপন করার জন্য অনুরোধ জানানো হয় ।	(ঙ) (১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া (২) গঠিত কমিটি
	(চ) শিশুকলি স্কুলের ভবনের স্থানে অবস্থিত পাম্পের ঢালাই এবং গাছ ও পুকুর পাড়ের ওয়াকওয়ে সংলগ্ন হেলেপড়া গাছ সংক্রান্তঃ উপজেলা পরিষদের অভ্যন্তরে অবস্থিত শিশুকলি মডেল বিদ্যালয়ের জন্য জেলা পরিষদ কর্তৃক একটি ভবন নির্মাণ হবে সেখানে পরিত্যাক্ত পাম্প হাউজের ঢালাই এবং ০১টি জাম ও ০১টি কাঠাল গাছ বিদ্যমান আছে মর্মে ঠিকাদার কর্তৃক জানিয়েছেন, এ বিষয়ে দ্রুততার সহিত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য জেলা প্রশাসক, যশোর ও জেলা পরিষদ কর্তৃক অনুরোধ জানানো হয়েছে । এছাড়া পুকুরের পূর্ব পাড়ের ওয়াকওয়ে সংলগ্ন হেলেপড়া ০২(দুই) টি ছোট কদম গাছ রয়েছে যা ধীরে ধীরে নষ্ট হয়ে যাচ্ছে । সভায় বর্ণিত বিষয়ে বিস্তারিত আলোচনাকালে ঢালাইটি যেহেতু কোনরুপ কাজের নয় সেহেতু ভেঙ্গে ফেলা এবং গাছগুলি যেহেতু একেবারে ছোট সেহেতু জরুরী ভিত্তিতে কেটে পাশে রেখে পরবর্তীতে বিধি অনুযায়ী নিলাম বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয় ।	(চ)(১) মটরের ঢালাইটি যেহেতু কোনরুপ কাজের নয় সেহেতু ভেঙ্গে ফেলা এবং গাছ গুলি যেহেতু একেবারে ছোট সেহেতু জরুরী ভিত্তিতে কেটে পাশে রেখে পরবর্তীতে বিধি অনুযায়ী নিলাম বিক্রয়ের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয় ।	(চ) (১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া

	(ছ) উপজেলা অভ্যন্তরের উন্নয়ন কাজের তদারকিঃ শিশুকলি মডেল বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণসহ উপজেলা অভ্যন্তরের উন্নয়ন কাজ তদারকিপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হয়। কমিটিঃ ১। উপজেলা প্রকল্প বাস্তাবয়ন কর্মকর্তা, বাঘারপাড়া- আহবায়ক ২। উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য দপ্তর, বাঘারপাড়া- সদস্য ৩। উপসহকারী প্রকৌশলী, এলজিইডি (প্রকৌশলী কর্তৃক মনোনীত), বাঘারপাড়া- সদস্য	(ছ) গঠিত কমিটিকে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন উপজেলা পরিষদের উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।	(ছ)গঠিত কমিটি
	(জ) নারিকেলবাড়িয়া বাজরে কাঁচামালের তিনটি আড়ত সংক্রান্তঃ এ বিষয়ে উক্ত হাটের ইজারাদার এবং আড়তদার উভয় পক্ষের আবেদন সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনাকালে সভায় জানানো হয় সরেজমিনে যাচাইয়ের জন্য ইতোমধ্যে একটা কমিটি গঠন করা হয়েছে, সেহেতু উক্ত কমিটির প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।	(জ) গঠিত কমিটির প্রতিবেদনসহ পরবর্তী সভায় আলোচনার সিদ্ধান্ত গৃহিত হয়।	(জ) (১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া
	(ঝ) ভাঙ্গুড়া হাটের পেরিফেরীভুক্ত করে হাটের জায়গা সম্প্রসারণ সংক্রান্তঃ বাঘারপাড়া উপজেলাধীন ভাঙ্গুড়া হাটটি ১৫৩নং আমুড়িয়া মৌজায় দাগনং- ৬৬৮,৬৭৭ ও ৬৭৯ এ কাঁচা বাজার এবং আরো বৃহৎ আকারে ০৩(তিন) বছরের লিজ চুক্তিতে একই মৌজার ব্যক্তি মালিকানাধীন ৫৪১নং দাগের ৫৫শতক জমিতে গো-হাট পরিচালিত হচ্ছে। যেখান হতে প্রতিবছর ১.০০ (এক) কোটি টাকার উপরে রাজস্ব আয় হচ্ছে। এ বিষয়ে সভায় জানানো হয় যেহেতু এ বছর লিজ চুক্তির মেয়াদ শেষ হয়ে যাচ্ছে সেহেতু উক্ত হাটের জন্য জায়গার ব্যবস্থা না করলে বাঘারপাড়া উপজেলার আর্থিক এবং সরকারি রাজস্ব দুটোই ক্ষতিগ্রস্থ হবে। সেপ্রেক্ষিতে উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক সম্ভাব্য জায়গার প্রস্তাব প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ২৮ এপ্রিল ২০২৬খ্রিঃ তারিখের ৬২৮(৮) নং স্মারকে একটি কমিটি গঠন করা হয়। বর্ণিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রস্তবনাটি সভায় উপস্তাপিত হয়, যা নিম্নরূপঃ বর্তমানে যেখানে গো-হাটটি বসছে সেখান হতে আনুমানিক ৫০০ শত গজ পশ্চিমে যশোর নড়াইল মহাসড়কের পাশে বাঘারপাড়া উপজেলাধীন ১৫৩ নং আমুড়িয়া মৌজার আর,এস ১, ৫৬, ৩২১, ২০৯, ২২২ ও ১৪১ নং খতিয়ানভুক্ত ৫২৯/১১২৫, ২৫৬, ২৫৭, ২৫৮,২৫৯ ও ২৬০ নং দাগে ১৮, ১২, ০৫, ৫২, ৫২ ও ৫৩ শতক সহ ১.৯২০০ একর জমি বর্তমানে ফাঁকা এবং পতিত অবস্থায় আছে। অত্র সম্পত্তিতে কোন মামলা মোকদ্দমা নাই। যা বর্ণিত প্রতিবেদনে বিস্তারিত ছক আকারে উপস্থাপন করা হয়েছে। সেহেতু ভাঙ্গুড়া হাটের জন্য কমিটি কর্তৃক প্রস্তাবিত জায়গাটি অধিগ্রহণপূর্বক পেরিফেরিভুক্ত করণের প্রস্তাবণা জেলা প্রশাসক, যশোর বরাবর প্রেরন করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার(ভূমি) ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া, যশোরকে অনুরোধ জানানো হয়। উক্ত ব্যক্তিগত জমি অধিগ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ক্ষতিপূরণ ব্যয় হাট-বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ এর ১৯(৪) বিধি মোতাবেক হাট-বাজার ইজারালব্ধ আয় হতে পরিশোধ করা হবে। আরো অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমের উপজেলা রাজস্ব তহবিল এবং ইউপি কর তহবিল হতে পরিশোধ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	(ঝ) (i) ভাঙ্গুড়া হাটের জন্য কমিটি কর্তৃক প্রস্তাবিত জায়গাটি অধিগ্রহণপূর্বক পেরিফেরিভুক্ত করণের প্রস্তাবণা জেলা প্রশাসক, যশোর বরাবর প্রেরন করার সিদ্ধান্ত গৃহিত হয়। (ii) বর্ণিত জমি অধিগ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় ক্ষতিপূরণ ব্যয় হাট-বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ এর ১৯(৪) বিধি মোতাবেক হাট-বাজার ইজারালব্ধ আয় হতে পরিশোধ করা হবে। আরো অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে বিধি মোতাবেক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উপজেলা রাজস্ব তহবিল এবং ইউপি কর তহবিল হতে পরিশোধ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	(ঝ) (১) প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, বাঘারপাড়া (২) সহকারী কমিশনার(ভূমি), বাঘারপাড়া, যশোর

০৫.	আর্থিকঃ **(উপজেলা পরিষদের আয়-ব্যয় সংশ্লিষ্ট প্রস্তাব)** **(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায়** (মন্ত্রণালয়ের নির্দেশিত খাতওয়ারী) **পূর্ববর্তী মাসের ব্যয় অনুমোদনঃ** উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় আপ্যায়ন ও আনুষাঙ্গিকসহ (মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত ব্যবহার নির্দেশিকা অনুযায়ী) এপ্রিল-২০২৬ মাসে ব্যয়কৃত অর্থের হিসাব বিবরণী পরিশিষ্ট-ক সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ভোর অনুমোদন প্রদান করা হয় ।	(ক) পরিশিষ্ট-ক আকারে বর্ণিত ব্যয়সমূহ ব্যয়ভোর অনুমোদন প্রদান করা হয়।	(ক) ১। প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার
০৬.	**অপারেশনাল (ন্যাস্তকৃত বিষয়াবলি/ ন্যাস্তকৃত ও প্রেষণে নিয়োজিত কর্মকর্তা - কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারী সংক্রান্ত বিষয়াদিঃ)** কোনরুপ আলোচনা নাই		
০৭.	**সমন্বয়ঃ (হস্তান্তরিত দপ্তর সমূহের কার্যক্রম)**		
ক. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর:	উপজেলা প্রকৌশলীর পক্ষে সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কর্মকান্ড সুষ্ঠভাবে চলমান আছে । নিয়মিত কার্যপত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হয় । উপজেলা নির্বাহী অফিসার বলেন যেসকল রাস্তা-ঘাট উন্নয়নের জন্য প্রস্তবনা প্রেরণ করা হচ্ছে তার তথ্য উপজেলা পরিষদের নিকট স্পষ্ট না। সেহেতু প্রেরিত সকল উন্নয়ন প্রস্তবণা সভায় উপস্থাপন করা জরুরী, সেপ্রেক্ষিতে পরবর্তীতে প্রেরিত বিভিন্ন উন্নয়ন প্রস্তবনা আবশ্যিকভাবে কার্যপত্র আকারে উপজেলা পরিষদের সভায় উপস্থাপনপূর্বক প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়।	(ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় । (খ)উন্নয়ন প্রস্তাব প্রেরণের পূর্বে উপজেলা পরিষদ সভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) ও (খ) উপজেলা প্রকৌশলী
খ.স্বাস্থ্য বিভাগ:	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যপত্র থেকে জানা যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর বহিঃ বিভাগ থেকে ১১৮৬০ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া জরুরী বিভাগ থেকে ২৩৮২ জন রোগীকে প্রথমিক স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে এবং ৯৮৫ জন রোগীকে আন্তঃবিভাগ ভর্তি করে চিকিৎসা প্রদান করা হয়েছে। স্বাভাবিক ডেলিভারী ২৪ জন, ১২ জন সিজারিয়ান করা হয়। ৪০ জন রোগীকে ভায়া পরীক্ষা করা হইয়াছে। ২৩টি কমিউনিটি ক্লিনিকে সর্বমোট ২১৮১৪ জন রোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৭৪৬ জন রোগীকে জটিলকতার জন্য অন্যত্র রেফার করা হয়েছে। ভিটাবল্যা উপ-স্বাস্থ্য কেন্দ্র থেকে মোট ১৪৭৭ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। ইপিআই কার্যক্রম চলমান আছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা।
গ.কৃষি বিভাগ:	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে বোরো ধানের আবাদ ১৬৫৭৫ হেক্টর , পাট-১৬২০ হেক্টর, সবজি-৫৫৫ হেক্টর, আখ-৮৩ হেক্টর আবাদ হয়েছে। বোরো ধানের কর্তন চলমান রয়েছে। বৃষ্টির কারণে বোরো ধান কর্তনে কিছুটা বিলম্ব হয়েছে। ফসলের পরিচর্যা, রোগ পোকা দমন সহ সার্বিক পরামর্শ কৃষকদের দেওয়ার জন্য উপসহকারী কৃষি কর্মকর্তাগণ সার্বক্ষণিক মনিটরিং করছেন। চলতি মাসে ইউরিয়া-১২০ মেঃটন, টিএসপি-৩২ মেঃ টন, ডিএপি-১৫৫ মেঃ টন এবং এমওপি- ৯৩ মেঃ টন মজুদ রয়েছে। উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার ও উপসহকারী কৃষি অফিসারগণ সার্বক্ষনিক সারের বাজার মনিটরিং করছেন। সারের উত্তোলন, মজুদ ও বিতরণ সন্তোষজনক। সারের কোথাও কোন ঘাটতি নাই। প্রদর্শনী স্থাপন, মাঠ দিবস, কৃষক প্রশিক্ষণ সহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে।	দাপ্তরিক কার্যক্রম ও প্রনোদনার তালিকা সঠিকভাবে প্রস্তুত ও প্রদান সুষ্ঠুভাবে তদারকি এবং মাঠ পর্যায়ে নিবিড় মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা ।
ঘ.মৎস্য বিভাগ:	উপজেলা সহকারি মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । দাপ্তরিক কার্যপত্র প্রদান না করায় দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি । অভয়াশ্রম সম্পর্কে সুষ্ঠভাবে নিয়মিত তদারকিপূর্বক সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয় ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা মৎস্য কর্মকর্তা।

ঙ.প্রাণি সম্পদ বিভাগ:	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিগত মাসে ১। উৎপাদন: ক. দুধ-২৩৪৪.৫০.৪০ মে.টন, খ. ডিম-৪০লক্ষ, গ. মাংস-৮৫৭.১১ মে.টন, ঘ. সংকর জাতের বাছুর উৎপাদন-৩৯০টি, ২। রোগপ্রতিরোধ: ক. গবাদি পশুর টিকা প্রদান-৩৮১০মাত্রা, খ. হাসমুরগির টিকা প্রদান-৫০০০০ মাত্রা, গ.ডিজিজ সার্ভিলেন্স-০১টি, ঘ.রোগ অনুসন্ধান ও নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ-১০টি, ৩.চিকিৎসা, ক. গবাদিপশুর চিকিৎসা প্রদান- ২৮৪১ টি, খ. হাঁসমুরগির চিকিৎসা প্রদান-১১৭৮৮টি, গ. পোষা প্রাণির চিকিৎসা প্রদান- ১৫ টি, ঘ . ফ্রিভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প-০১টি, ৪.মানব সম্পদ উন্নয়ন--- ক. প্রশিক্ষণ-৩৭জন, খ. উঠান বৈঠক আয়োজন সংখ্যা- ০৫ টি, ৫. খামার পরিদর্শন- ১২টি , ৬. পরিবেশ সুরক্ষা/ঘাস উৎপাদনঃ ৩.০০একর, ৭.মাসিক বার্তাঃ তীব্র গরম আবহাওয়া গবাদি পশুর করণীয় ৮. সরকারি এনটিআর (নন ট্যাক্স রেভিনিউ) আয়, ক. টিকাবীজ বিক্রয়- ২৯০০০/- , খ. কৃত্রিম প্রজনন-১০৫০০০/- ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
চ.সমাজসেবা ·দপ্তর:	উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থবছরে ৪র্থ কিস্তি সকল ভাতার পেরোল ১০০% পাঠানো হয়েছে। নিয়মিত ব্যাংক এশিয়ার সাথে যোগাযোগ রাখা হচ্ছে সঠিকভাবে ভাতা প্রদানের জন্য। বয়স্ক ভাতা ও বিধবা/স্বামী নিগৃহিতা মহিলা ভাতা,প্রতিবন্ধী ভাতা বরাদ্দ পাওয়া গেছে চূড়ান্ত তালিকার কার্যক্রম চলছে। পল্লী সমাজসেবা কাযক্রম(আর এস এস, আরএম'সি) সুদ মুক্ত ক্ষুদ্র ঋণ আদায়-৮৪৫৪৬৭/-(আট লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত সাতষাট্রি)মাত্র।আদায়ের হার ৯৪% অন্যান্য কার্যক্রম চলমান।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার অনুরোধ জানানো হলো।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
ছ.পরিবার পরিকল্পনা বিভাগ:	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয় ।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
জ.প্রাথমিক শিক্ষা বিভাগ:	উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার সভায় সভায় উপস্থিত না থাকায় এবং কার্যপত্র প্রদান না করায় দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা শিক্ষা কর্মকর্তা
ঝ. মাধ্যমিক শিক্ষা বিভাগ:	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে । কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মাধ্যমিক শি·ক্ষা কর্মকর্তা, বাঘারপাড়া
ঞ.পল্লী উন্নয়ন বিভাগ:	উপজেলা সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ১৮৫ টি দল/সমিতির ২৩০০ জন সমবায়ী/সদস্যর মাঝে ২০২৫-২০২৬ অর্থ বছরে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ১০০০.০০ কোটি টাকা। চলতি আর্থিক বছরে ১২৬৫ জন সদস্যর মধ্যে ৭২৫.৩২ লক্ষ টাকা সদস্যদের স্ব স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ঋণ বিতরণ করা হয়েছে এবং ৭০১৭.৩৩ লক্ষ ঋণ আদায় করা হয়েছে। এছাড়া বিআরডিবির আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে ৫০০ জন মহিলা সদস্য কে ৩ দিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া ২ টি কিশোরি সংঘের ২০০ জন কিশোরীকে তাদের জমাকৃত সঞ্চয় ১৪.৬০ লক্ষ টাকার বিপরীতে ২৯,.২২ লক্ষ টাকা প্রণোদনা প্রদান করা হয়েছে । ইতোমধ্যে ৬০ জন কিশোরিকে ১০.১৯ লক্ষ টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া ৩৩ টি সার্টিফিকেট মামলা চলমান রয়েছে, যার বিপরীতে পাওনা টাকার পরিমাণ পাওনাকৃত টাকার পরিমান ১৭.৬৫ লক্ষ টাকা। বাঘারপাড়া উপজেলার খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে আমি সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়্যারমানের নিকট সহযোগিতা কামনা করছি। স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন জাতীয় পল্লী উন্নয়ন পদক ২০২৪ ও ২০২৫ প্রদানের নিমিত্ত ব্যাতি/ প্রতিষ্ঠান/সমিতি/সংগঠনের নিকট হতে পৃথক মনোয়ন আহবান করা হয়েছে। এ বিষয়ে উপজেলা কমিটির মনোনয়ন দাখিল করার শেষ	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

	মনোনয়ন করা যাবে। এ বিষয়ে উপজেলা মনোয়ন কমিটির সকল সদস্যর নিকট পদক সংক্রান্তপত্র, নীতিমালা ও ১০ টি ক্যাটাগরির ধরন সম্পর্কিত পত্র প্রদান ও ফেসবুকে প্রচার করা হয় । সভায় উপস্থিত স্থানীয় জনপ্রতিনিধিদের নিকট থেকে মনোয়ন আহবানসহ বিআরডিবি অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হয়।		
ট. যুব উন্নয়ন দপ্তর:	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালযের কার্যপত্র থেকে জানা যায় যে, চলতি অর্থ বছরে ২৩জনের মধ্যে মোট যুব ঋণ হিসাবে ২০১৫০০০/- টাকা প্রদান করা হয়েছে । সার্বিক আদায় হার ৯৭.৫৫% । এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । কার্যপত্র প্রদান না করায় দাপ্তরিক কার্যপত্র সম্পর্কে বিস্তারিত জানা যায়নি ।	ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ঠ. সমবায় বিভাগ :	উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরে অডিট যোগ্য কেন্দ্রীয় সমিতি ২টি ও প্রাথমিক সমিতি ৩৯টি ২০২৪-২০২৫সনে অডিট বরাদ্দ প্রদান করা হয়েছে। চলতি মাস পর্যন্ত কেন্দ্রীয় সমিতি ০ টি ও ৩৯ টি প্রাথমিক সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয়েছে । ২০২৩-২০২৪সনে মোট আদায়যোগ্য অডিট ফি ১,৩২,৩৬০/-টাকা। আদায়কৃত অডিট ফি ১,৩২,৩৬০/-টাকা আদায়ের হার ১০০%। এছাড়া আদায়যোগ্য সিডিএফ ধার্য করা হয়েছে-৭৪,৫৫৪/-টাকা, আদায়কৃত সিডিএফ ৭৪,৫৫৪/-টাকা, আদায়ের হার ১০০%। উপজেলার ৪ (চার) টি আশ্রয়ণ প্রকল্পে মুল বরাদ্ধ পাওয়া গেছে ৭৬০০০০/-টাকা উহাসহ এ পর্যন্ত র্ঘূণায়মান হিসাবে মোট ঋণ বিতরণ করা হয়েছে ৩৭,৭৫,০০০/-টাকা এবং চলতি মাসে আদায়কৃত ঋণের পরিমান ৮০০/-টাকা এখানে মোট আদায়যোগ্য ঋণের পরিমান ৪০,৭৭,০০০/-টাকা মোট ঋণ আদায় ৩৬,৭৭,০৭৭/-টাকা অনাদায়ী ঋণের পরিমান ৩,৯৯,৯২৩/-টাকা। আদায়ের হার ৯০%।দুগ্ধ ঘাটতি সম্প্রসারণ প্রকল্পের আওতায় ২টি সমিতি রেজিষ্টিশন হয়েছে যার প্রতিটি সমিতির সদস্য সংখ্যা ৫০জন করে মোট ১০০জন । দুগ্ধ ঘাটতি পুরনের লক্ষ্যে দুগ্ধ ঘাটতি সম্প্রসারণ প্রকল্পের তহবিল হতে প্রতি সদস্য ২টি করে বকনা ক্রয় ও খাবারের জন্য লোন স্বরুপ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা পাবে। ইতোমধ্যে ২টি সমিতির সদস্যদের আবেদনের প্রেক্ষিতে বকনা ক্রয় এবং খাবার বাবদ প্রতি সদস্যদের ২,০০,০০০/-(দুই লক্ষ) করে ১০০ (একশত) জনকে প্রকল্প তহবিল হতে মোট= ২০০০০০০০/- (দুই কোটি) টাকা প্রদান করা হয়েছে। উপকারভোগীর নিকট থেকে আদায়যোগ্য ঋণের পরিমান ১৩,২০,০০০/-, আদায়কৃত ঋণের পরিমাণ ১০,৮৩,০০০/- টাকা । আদায়ের হার ৮২%।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা সমবায় কর্মকর্তা
ড. মহিলা বিষয়ক দপ্তর:	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে বাল্য বিবাহ প্রতিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, যৌতুক নিরোধ ও অটিজম বিষয়ে উঠানবৈঠক ও সচেতনতামূলক সভা চলমান রয়েছে। নারী ওশিশু নির্যাতন প্রতিরোধে আইনী সহায়তা কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ।
ঢ. ত্রাণ বিভাগ:	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যপত্র মোতাবেক জানা যায় যে, টি,আর ও কাবিখা চলমান আছে । সরকারি নির্দেশনা মোতাবেক খাল খনন সংক্রান্ত তথ্য সংগ্রহ চলমান আছে, এ বিষয়ে ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান আছে ।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য অনুরোধ জানানো হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ণ.জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যায় যে, PSWSC প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে বরাদ্দকৃত ২৩৪ টি নলকূপের মধ্যে ২৩৪ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে এবং সাবমার্সিবল পাম্প বসানো হয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত ১০৮ টি নলকূপের মধ্যে ১০৮ টির বোরিং কাজ সমাপ্ত হয়েছে ও সাবমার্সিবল পাম্প বসানোর কাজ সমাপ্ত। ইতিমধ্যে প্লাটফর্ম নির্মাণের কাজ চলমান। এছাড়া ১৮ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ স্কিম স্থাপনের জন্য ১০০*৫০ মিঃমিঃ ব্যাসের সাবমার্সিবল পাম্পযুক্ত (১.৫ হর্স পাওয়ার) নলকূপ স্থাপন কাজের বোরিং সম্পন্ন হয়েছে এবং সাবমার্সিবল পাম্প বসানোর কাজ সমাপ্ত। গ্রামীন স্যানিটেশন প্রকল্পের আওতায় ইউনিয়ন প্রতি ৫০ টি করে ০৯ টি ইউনিয়নে মোট ৪৫০ টি টুইনপিট ল্যাট্রিনের বরাদ্দ পাওয়া	দাপ্তরিক কার্যক্রম সুন্দরভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। এছাড়া মাঠ পর্যায়ে গভীর নলকূপ/ সাব মারসিবল স্থাপনের ক্ষেত্রে প্রাক্কলন অনুযায়ী মালামালসমূহ যথাযথভাবে প্রদান করার বিষয়টি মনিটরিংপূর্বক	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)

	গিয়েছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের স্বাক্ষরিত পত্র অনুযায়ী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অবহিত করা হয়েছে। সকল ইউনিয়ন হতে তালিকা পাওয়া গিয়েছে। তাছাড়া ০৪ টি কমিউনিটি ল্যাট্রিনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে।	নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হয়।	
ঙ. বন বিভাগ	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। এছাড়া তিনি আরো জানান বাঘারপাড়া বন বিভাগ হতে ১০(দশ) হাজার চারা প্রস্তুত করা হয়েছে, যার অর্ধেক চারা বিক্রয় করা হবে এবং বাকি অর্ধেক চারা রোপন করা হবে। এছাড়া খলশী রোডের গাছ বিধি মোতাবেক বিক্রয়ের জ্য মার্কিং করার প্রক্রিয়া চলমান রয়েছে।	কার্যপত্রসহ পরবর্তী সভায় উপস্থিতির জন্য অনুরোধ জানানো হলো।	ফরেষ্টার, বনবিভাগ, বাঘারপাড়া, যশোর
০৯.বিবিধ:	(ক) মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪ জানান যে, বর্তমানে খোলাভাবে নেশা জাতীয় দ্রব্য বিক্রয় সেবন বৃদ্ধি পেয়েছে মর্মে উল্লেখপূর্বক এ বিষয়ে কঠোর ভুমিকা পালনের জন্য বাঘারপাড়া থানাকে অনুরোধ জানান। এছাড়া নেশা জাতীয় দ্রব্য বিক্রয় ও সেবন এবং চাঁদাবাজি বিরুদ্ধে সামাজি মুল্যবোধ গড়ে তুলার ক্ষেত্রে জনপ্রতিনিধীগণের নিকট সার্বিক সহযোগিতার কামনা করেন। (খ) উপজেলা নির্বাহী অফিসার সকল দপ্তরকে তাঁর দাপ্তরিক কাজের সমন্বয় করার জন্য কার্যক্রম সম্পর্কে সভায় উপস্থাপনসহ যথাযথভাবে অবহিত করার জন্য আহবান জানান। (গ) উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ বলা আছে "আইনের তৃতীয় তফসিলে উল্লিখিত হস্তান্তরিত দপ্তরসমূহের কর্মকর্তাগণ সরকার কর্তৃক উপজেলা পরিষদের নিকট হস্তান্তরিত বিষয়ে সকল কাগজপত্র ও নথি, উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উপজেলা পরিষদের চেয়ারম্যানের নিকট অনুমোদনের জন্য পেশ করিবে"। সেহেতু হস্তান্তরিত দপ্তরের সকলকে উক্ত বিধানটি মেনে কার্যক্রম বাস্তাবয়ন করার জন্য অনুরোধ জানানো হয়। (ঘ) সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদকে সভারপূর্বেই কার্যপত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।	(ক) সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। (খ) যার যার নিয়ন্ত্রিত দপ্তরের কার্যক্রম অবহিত করার সিদ্ধান্ত গৃহিত হয়। (গ) উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন) বিধিমালা, ২০১০ এর বিধান মেনে কার্যক্রম বাস্তাবয়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। (ঘ) যথাসময়ে কার্যপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়।	(ক) ও (খ) সংশ্লিষ্ট সকল

সভাপতি মহোদয় সকলকে সময়মত কর্মক্ষেত্রে উপস্থিত হওয়ার আহবান জানান। অতঃপর অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ভুপালী সরকার
সভাপতি
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।

উপজেলা পরিষদ
বাঘারপাড়া, যশোর

স্মারক সংখ্যাঃ ৪৬.০০.৪১০৯.০০০.২০.০০২.২০২৪- ২৬ **তারিখঃ ১১- ০৫-২০২৬ খ্রিঃ।**

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ৮৮ যশোর-৪।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, যশোর।
৫. উপ-পরিচালক,স্থানীয় সরকার, যশোর।
৬. প্রশাসক, উপজেলা পরিষদ, বাঘারপাড়া, যশোর।
৭. প্রশাসক, বাঘারপাড়া পৌরসভা, যশোর।
৮. উপজেলা ..... কর্মকর্তা, বাঘারপাড়া, যশোর।
৯.চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ,বাঘারপাড়া,যশোর।
১০. অফিস কপি।

ভুপালী সরকার